গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০২.১৮/১০১

তারিখ: ৭ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঃ
২১ মে, ২০১৮খ্রিঃ

**কাস্টমস রুলিং (অগ্রিম) নং-০৩/২০১৮**

বিষয়: **Herbal Mehandi Cone (Paste form) নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।**

সূত্র: Akib & Brothers এর ১৯/০৩/২০১৮ খ্রিঃ তারিখের আবেদন।

Akib & Brothers, Dhaka-1211, Herbal Mehandi Cone (Paste form) নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারির পরিচিতি:

| | |
|---|---|
| আবেদনকারির নাম | Akib & Brothers |
| আবেদনকারির ঠিকানা | Akram Ullah Plaza (Gr. Floor), Shop# 02, 2/3, Makim Katara, Moulvi Bazar, Dhaka-1211. |
| টেলিফোন নম্বর | 01711536164 |
| ই-মেইল | jia-amin2@hotmail.com |

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

| | |
|---|---|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম | Herbal Mehandi Cone (Paste form) |
| যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে | Paste |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | India |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণিবিন্যাস | 3203.00.00 |
| রপ্তানিকারক বা সরবরাহকারি প্রতিষ্ঠানের নাম/ঠিকানা | প্রযোজ্য নয়। |

২। **আবেদনকারির ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:**

আমদানিকারক Akib & Brothers কর্তৃক দাখিলকৃত তথ্য অনুসারে, Herbal Mehandi পণ্যটি Paste form-এ Cone আকৃতি প্লাস্টিক প্যাকে আমদানি করা হবে। দাখিলকৃত ক্যাটালগ অনুসারে:



Fig: Hand Mehandi

"Neha Hand Mehandi is made using the finest handpicked Henna leaves. A number of wonderful and therapeutic ingredients are added to it, making it the perfect natural colouring agent. It is comparable to a natural and painless form of temporary tattoo, as it imparts a deep colour and an elegant appearance to designs drawn on your hands and feet. The rich colour is a result of the quality of the Henna leaves, and has been appreciated by customers the world over."

৩। বর্ণিত পণ্যের শ্রেণিবিন্যাস ও এর পক্ষে যুক্তিসমূহ:

(ক) এইচ. এস. কোড/নীতিমালার আলোকে পর্যালোচনা:

কোন একটি আমদানিয়/রপ্তানিয় পণ্যের সঠিক শ্রেণিবিন্যাস নির্ণয়ের জন্য উক্ত পণ্যের সবিস্তার বিবরণ, ক্যাটালগ/ব্রুশিওর, লিটারেচার (প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদি পর্যালোচনার পাশাপাশি World Customs Organization (WCO) এর General Rules for the Interpretation of the Harmonized System (GIR) ও Explanatory Notes এবং বিবেচ্য পণ্য সংশ্লিষ্ট Section Notes পর্যালোচনা করা আবশ্যক।

বর্ণিত পণ্যের শ্রেণিবিন্যাস নির্ধারণে উক্ত রুপ এইচ.এস.কোড শ্রেণিবিন্যাস নীতিমালা পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনায় দেখা যায় যে, WCO প্রণীত Explanatory Notes এ নিম্নরূপ উল্লেখ আছে, যথা:

Explanatory Notes (Volume -2) এর Chapter 32 এর Heading 32.03 এর হেডিং নোট নিম্নরূপ:

"Colouring matter of vegetable or animal origin (including dyeing extracts but excluding animal black), whether or not chemically defined; preparations as specified in Note 3 to this chapter based on colouring matter of vegetable or animal origin."

এছাড়া একই Heading 32.03 এর ব্যাখ্যায় বলা আছে, "The heading includes: (1) Colouring matter and dyeing extracts of vegetable origin obtained from.....henna...etc. এছাড়া আরো বলা আছে, "The heading also covers preparations based on colouring matter of vegetable or animal origin, of a kind used for colouring any material or used as ingredients in the manufacture of colouring preparations."

অপরদিকে, আবেদনের সাথে সংযুক্ত ক্যাটালগ অনুসারে আমদানিকৃত Herbal Mehandi পণ্যটির Ingredients সমূহ নিম্নরূপ: 'Purified water, Benzyl Alcohol, Poly Galactomannan, Schedule Q Colour and Sodium Benzoate'

পর্যালোচনায় দেখা যায়, ক্যাটালগ অনুসারে পণ্যটিতে henna-এর অস্তিত্ব নেই। তাছাড়া, Heading 32.03-এর ব্যাখ্যানুসারে আমদানিতব্য পণ্যটি শুধুমাত্র colouring material অথবা colouring preparations এর ingredients নয়। বরং তা এক ধরণের প্রসাধন সামগ্রী যা হাতের/ত্বকের পরিচর্যা ও নখের সৌন্দর্য বৃদ্ধিতে ব্যবহৃত হয়।

(খ) Explanatory Notes (Volume-2) এর Chapter 33 এর Heading 33.04 এর হেডিং নোটে উল্লেখ আছে:

'Beauty or make-up preparations and preparations for the care of the skin (other than medicaments), including sunscreen or sun tan preparations; manicure or pedicure preparations."

এছাড়া একই Heading 33.04 এর ব্যাখ্যায় বলা আছে,

This part covers:... (3) Other beauty or make-up preparations and preparations for the care of skin (other than medicaments)......put up in packings of a kind sold by retail for the care of the skin.

অপর দিকে ওয়েবসাইট পর্যালোচনায় দেখা যায়, "Mehandi is used for temporary skin decoration on various special occasions like weddings, parties, ceremonies etc. It is perfect 100% natural product which works like jewel on the body. Every woman loves to adorn henna on her hands and feet."

Explanatory Notes এর উপর্যুক্ত ব্যাখ্যা এবং ওয়েবসাইট ও ক্যাটালগ হতে প্রাপ্ত তথ্যের আলোকে, Akib & Brothers কর্তৃক আমদানিয় Herbal Mehandi Cone (Paste form) পণ্যটি make-up preparations হিসেবে ব্যবহৃত হওয়ায় তা Heading 33.04 এর আওতায় শ্রেণিবিন্যাসযোগ্য।

৪। উল্লিখিত পর্যালোচনা, নমুনা পর্যবেক্ষণ ও অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনায় নিয়ে দেখা যায়, আমদানিতব্য পণ্য Heading 32.03 এর আওতাভুক্ত নয় কেননা তা শুধুমাত্র colouring matter of vegetable origin নয়। অপরদিকে তা make-up preparations হিসেবে ব্যবহৃত হওয়ায় Heading 33.04 এর অধীনে শুল্কায়নযোগ্য।

৫। **অগ্রিম রুলিংঃ**

Akib & Brothers, Dhaka কর্তৃক আমদানিয় Herbal Mehandi Cone (Paste form) নামক পণ্যটি Bangladesh Customs Tariff, General Interpretative Rules (GIR) এবং Explanatory Notes এর ব্যাখ্যানুযায়ী এইচ.এস.কোড ৩৩০৪.৯৯.০০ তে শ্রেণিবিন্যাসযোগ্য। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৬। **অগ্রিম রুলিং এর কার্যকারিতাঃ**

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৭। **আবেদনকারির জন্য গুরুত্বপূর্ণ তথ্যঃ**

(ক) Akib & Brothers, Dhaka এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে Akib & Brothers, Dhaka রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবর লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/(২১/০৫/১৮)
(মোঃ ফিরোজ শাহ্ আলম)
সদস্য (শুল্ক নীতি ও আইসিটি)
ও সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

**কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি/ মংলা/ পানগাঁও।**

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০২.১৮/১০১

তারিখঃ ৭ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঃ
২১ মে, ২০১৮খ্রিঃ

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ খুলনা/ যশোর/ রংপুর/ বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।

১৭-২১। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ কাস্টমস রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২২-২৩। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম।

২৪। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৫। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৬। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৭। Proprietor, Akib & Brothers, Akram Ullah Plaza (Gr. Floor), Shop# 02, 2/3, Makim Katara, Moulvi Bazar, Dhaka-1211.

২৮। ব্যক্তিগত সহকারী, সদস্য (শুল্ক নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড। [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]

২৯। অফিস কপি/ গার্ড নথি।

22/08/24

মোহাম্মদ তফছির উদ্দিন ভূঁঞা
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট
ও দ্বিতীয় সচিব
কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং
ই-মেইল: nbrclassification@gmail.com